দৈনিক সংবাদ

তারিখ ... JAN 13 1999 ...
পৃষ্ঠা ১২ কলাম ২

# প্রাথমিক বৃত্তি পরীক্ষায় অংশ নিচ্ছে ৩ লাখ ছাত্রছাত্রী

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল মঙ্গলবার থেকে সারাদেশে প্রাথমিক বৃত্তি পরীক্ষা শুরু হয়েছে। প্রায় সাড়ে ৩ লাখ ছাত্রছাত্রী এবার প্রাথমিক বৃত্তি পরীক্ষায় অংশ নিচ্ছে। থানাভিত্তিতে এই পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। উল্লেখ্য গত মাসের (ডিসেম্বর) প্রথম সপ্তাহে এই পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। প্রশ্নপত্র জটিলতার জন্য পরীক্ষা প্রায় ১ মাস পিছিয়ে দিতে হয়।

গতকাল মঙ্গলবার দু'টি বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হয়। সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত বাংলা এবং দুপুর ১টা থেকে বিকেল ৩টা পর্যন্ত গণিত বিষয়ে পরীক্ষা গ্রহণ করা হয়।

আজ বুধবার পরীক্ষার দ্বিতীয় ও শেষ দিনেও দুটি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ইংরেজি এবং দুপুর ১টা থেকে বিকেল ৩টা পর্যন্ত পরিবেশ পরিচিতি বিষয়ের পরীক্ষা গ্রহণ করা হবে।

নারায়ণগঞ্জ থেকে থানা শিক্ষা কর্মকর্তা নাসিরউদ্দিন আহমেদ এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, জেলার সদর থানার ৩টি কেন্দ্রে মোট ১৭৪০ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নিয়েছে।